# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৭৭৬২/ঝালকাঠি-১১৭/২৬৬

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ / ১৯ নভেম্বর ২০২৫

বিষয় : **অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন পশ্চিম চেচরী শানে এলাহি দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে গোপনে অবৈধ ক্ষমতার অপব্যবহার করে দূর্নীতি ও অনিয়মের মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে জনাব মোঃ রফিকুল ইসলাম অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

১৯.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmcb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
কাঠালিয়া, ঝালকাঠি।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৭৭৬২/ঝালকাঠি-১১৭/

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ / ১৯ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঝালকাঠি;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি;
৪. সভাপতি, পশ্চিম চেচরী শানে এলাহি দাখিল মাদ্রাসা, ডাকঘর-পশ্চিম চেচরী, কাঠালিয়া, ঝালকাঠি;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, পশ্চিম চেচরী শানে এলাহি দাখিল মাদ্রাসা, ডাকঘর-পশ্চিম চেচরী, কাঠালিয়া, ঝালকাঠি;
৬.জনাব মোঃ রফিকুল ইসলাম (অভিযোগকারী), গ্রাম ও ডাকঘর-পশ্চিম চেচরী, কাঠালিয়া, ঝালকাঠি;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১৯/১১/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmcb.gov.bd

বরাবর

চেয়ারম্যান মহোদয়
মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়: ঝালকাঠি জেলার কাঁঠালিয়া উপজেলার পশ্চিম চেচরী শানে এলাহী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম, দুর্নীতি ও আওয়ামীলীগের সম্পৃক্ততা থাকা স্বত্বেও টিপিও ও সুপার নুতন ম্যানেজিং কমিটি গঠন করার বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

জনাব

বিনীত নিবেদন এই যে আমি নিম্নস্বাক্ষরকারী লিখিতভাবে জানাইতেছি যে,ঝালকাঠি জেলার কাঁঠালিয়া উপজেলার পশ্চিম চেচরী শানে এলাহী দাখিল মাদ্রাসায় আমার ছেলে অষ্টম শ্রেণীতে অধ্যায়ন আছে। বিগত দিন আগে আওয়ামী লীগ সরকার থাকাকালীন উক্ত মাদ্রাসায় যে কমিটি করেছে তাহা আমরা কিছুই জানতাম না। ৫ই আগস্টের সরকার পতনের পর আপনাদের বোর্ড কর্তৃক প্রজ্ঞাপন জারি হয়েছে যে কোন রাজনীতিবিদ ম্যানেজিং কমিটিতে থাকিতে পারিবে না। তাহা না মেনে আওয়ামী লীগের সংসদ সদস্য বীর উত্তম শাজাহান ওমরের আস্থাভাজন লোক মো.আতিকুর রহমান পান্নবকে গত ৩০/১০/২০২৫ইং তারিখে সম্পূর্ণ গোপন, অবৈধ, ক্ষমতার অপব্যবহার করে ম্যানেজিং কমিটি গঠন করেছেন। যাহা অনেক অভিভাবক সদস্যরা অবগত নহে। তাই অনতিবিলম্বে এই অবৈধ ঘরোয়া ম্যানেজিং কমিটিতে আওয়ামী লীগের লোক সম্পৃক্ত রয়েছে তাহা তদন্ত সাপেক্ষে ম্যানেজিং কমিটি বাতিল করে পুনরায় আবার কমিটি করার জন্য মহোদয়ের কাছে অনুরোধ। না হয় এই ম্যানেজিং কমিটি নিয়ে যেকোনো সময় বড় ধরনের একটি কোপাকুপি ও খুন খথন হওয়ার সম্ভাবনা বিদ্যমান। এ বিষয়ে আমি ঝালকাঠির আদালতে একটি মামলা দায়ের করেছি যার মামলা নং - 120/2025, তারিখ -৩০/১০/২০২৫ইং।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন উপরোক্ত বিষয়গুলো বিবেচনা করিয়া রাজনীতিবিদ ও আওয়ামী লীগের লোকদের অবৈধ ম্যানেজিং কমিটি বাতিল করিয়া পুনরায় স্বচ্ছ এবং প্রকাশ্যে ম্যানেজিং কমিটি করার জন্য মহোদয়ের কাছে বিনীত অনুরোধ।

নিবেদক

[signature]

মো:রফিকুল ইসলাম
পিতা:হানিফ খান
পশ্চিম চেচরী, ওয়ার্ড নাম্বার -১
থানা: কাঠালিয়া,জেলা: ঝালকাঠি।
মোবা: ০১৮৪৪৯২৬৪৭৮
এনআইডি- ৪১৫২১৮৩২৩৪

তাং-

সংযুক্তি প্রয়োজনীয় কাগজপত্র।

অভিভাবকবৃন্দের পক্ষে

১। মো: [handwritten signature]
২। ফরিদা বেগম
৩। ফারুক খান